



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

জীবন বীমা কর্পোরেশন

গ্রুপ ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা।

<http://www.jbc.gov.bd>

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ২০২৩-২৪ অর্থ বছরের তৃতীয় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২৪) সভার কার্যবিবরণী।

সভাপতি : আবুল খায়ের মোহাম্মদ হাফিজুল্লাহ খান, জেনারেল ম্যানেজার-প্রশাসন।
সভার তারিখ : ১৯ মার্চ, ২০২৩
সভার সময় : বেলা ১২.০০ ঘটিকা
সভার স্থান : কর্পোরেশন-এর সম্মেলন কক্ষ ও জুম-প্রাটফর্ম
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' ও ভারুয়ালি রিজিওনাল ইনচার্জগণ

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি ও হালনাগাদ তথ্যাদিসহ কমিটির কার্যক্রম সম্পর্কে আলোচনা করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। অতঃপর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও কমিটির সদস্য জনাব মোঃ ফারুক হোসেন, সহকারী জেনারেল ম্যানেজার-টিএ জানান যে কর্পোরেশন-এর ২০২৩-২৪ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)-এর কর্মপরিকল্পনা মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তরের সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন এবং নিজ দপ্তর ও আওতাধীন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২৩)-এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত উক্ত সভা আহ্বান করা হয়েছে। তিনি আরো জানান, তৃতীয় ত্রৈমাসিকে প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ সম্পন্ন করা হয়েছে। যা নিম্নরূপ:

- ক. সেবা প্রদান প্রতিশ্রুতি ২.১ অনুচ্ছেদে ২ নং ক্রমিকে তথ্য অধিকার আইন মোতাবেক তথ্য প্রদান-এই অংশটুকু বাদ দেয়া হয়েছে।
খ. রিজিওনাল অফিসসমূহের সেবা কার্যক্রমের বিষয়টুকু প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি থেকে বাদ দেয়া হয়েছে।
গ. চট্টগ্রাম রিজিওনাল অফিসের ইনচার্জ বদলী হওয়ায় উনার স্থলাভিষিক্ত ইনচার্জের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে।

২.০০। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী দপ্তর
০১.	রিজিওনাল অফিসসমূহের দ্বিতীয় ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। তৃতীয় ত্রৈমাসিক সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য রিজিওনাল অফিসসমূহসহ সংশ্লিষ্ট সকল দপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়।	৩১শে মার্চ, ২০২৪-এর মধ্যে তৃতীয়বার রিজিওনাল অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ সম্পন্ন করতে হবে।	স্ব-স্ব রিজিওনাল অফিসসমূহ।
০২.	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির নিমিত্তে প্রধান কার্যালয়ে একটি তদারকি কমিটি গঠন করার বিষয়ে দ্বিতীয় ত্রৈমাসিক সভায় আলোচনা ও সিদ্ধান্ত হয়। সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রশাসন ডিভিশন, প্রধান কার্যালয়কে অনুরোধসহ সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়। কমিটি গঠন না হওয়ায় সভার সভায় জরুরী ভিত্তিতে উক্ত কমিটি গঠন করার পুনঃসিদ্ধান্ত হয়।	উক্ত কমিটিতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, একজন সদস্য ও একজন মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার(আইটি)-এর সমন্বয়ে প্রধান কার্যালয় ও আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে তদারকির জন্য জরুরী ভিত্তিতে কমিটি গঠন করতে হবে।	প্রশাসন ডিভিশন, প্রধান কার্যালয়।

২

	ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে গত ২০.০৯.২০২৩ খ্রিঃ তারিখ ও ১৯.১২.২০২৩ খ্রিঃ তারিখে দুইটি সভা অনুষ্ঠিত হয়। অদ্য ১৯.০৩.২০২৪ খ্রিঃ তারিখে তৃতীয় সভা অনুষ্ঠিত হয়।	আগামী জুন/২০২৪ খ্রিঃ মাসের প্রথম সপ্তাহে আরো একটি সভা আয়োজন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।
০৪.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রধান কার্যালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার বিষয়ে আলোচনা হয়। সভাকে অবহিত করা হয় প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার-এর কার্যক্রম নিয়মিত হচ্ছে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রধান কার্যালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার অব্যাহত থাকবে।	প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ বিভাগ।
০৫.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রেরণ।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

৩.০০। আলোচনার জন্য আর কোনো বিষয় না থাকায় সভাপতি সকলকে খন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবুল খায়ের মোহাম্মদ হাফিজুল্লাহ খান
জেনারেল ম্যানেজার (প্রশাসন)

ও

আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

স্মারক নং : ৫৩.১৯.৯০০১.০০৫.০০.০০০.২৪.৩৫১

তারিখ : ২১ মার্চ, ২০২৪

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. রিজিওনাল ইনচার্জ (সকল);

০২. কমিটির সদস্য (সকল);

০৩. ডিজিএম-আই.সি.টি ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা-কার্যবিবরণী সেবা বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;

০৪. ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা-সিটিজেন চার্টার সংক্রান্ত ট্রেনিং-সমূহের তথ্যাদি প্রদানের অনুরোধ করা হলো;

০৫. ম্যানেজার-প্রশাসন, প্রধান কার্যালয়-মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী দ্রুত একটি তদারকী টিম গঠন করার জন্য অনুরোধ করা হলো;

০৬. পিএস টু এমডি, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা-ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য;

০৭. অফিস কপি।



মোঃ তরিখুল ইসলাম

ম্যানেজার-গ্রুপ বীমা ডিভিশন ও বিকল্প যোগাযোগ
পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব,
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি